



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোনঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭; E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং : ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/৩৬৫

তারিখ: ২৭/০৯/২০২১ খ্রি:

২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) ২০২১ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

বিষয় সময়ঃ সকাল ১০টা থেকে ১১.৩০টা পর্যন্ত	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় সময়ঃ বিকেল ২টা থেকে ৩.৩০টা পর্যন্ত	বিষয় কোড
১। পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়)	১৩৬	১৪/১১/২০২১ খ্রি: রবিবার	X	X
১। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা	১৫৩	১৫/১১/২০২১ খ্রি: সোমবার	১। হিসাববিজ্ঞান	১৪৬
১। রসায়ন (তত্ত্বীয়)	১৩৭	১৬/১১/২০২১ খ্রি: মঙ্গলবার	X	X
১। শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়)	১৩৩	১৮/১১/২০২১ খ্রি: বৃহস্পতিবার	X	X
১। ভূগোল ও পরিবেশ	১১০	২১/১১/২০২১ খ্রি: রবিবার	১। ফিন্যান্স ও ব্যাংকিং	১৫২
১। উচ্চতর গণিত (তত্ত্বীয়) ২। জীব বিজ্ঞান (তত্ত্বীয়)	১২৬ ১৩৮	২২/১১/২০২১ খ্রি: সোমবার	X	X
১। পৌরনীতি ও নাগরিকতা ২। অর্থনীতি	১৪০ ১৪১	২৩/১১/২০২১ খ্রি: মঙ্গলবার	১। ব্যবসায় উদ্যোগ	১৪৩

বিশেষ নির্দেশাবলি :

- ১। কোভিড-১৯ অতিমারির কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ২। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রের পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- ৩। পরীক্ষার সময় ০১ ঘন্টা ৩০ মিনিট।

* MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

(ক) সকাল ১০:০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

সকাল ০৯:৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ।

সকাল ১০:০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।

সকাল ১০:১৫ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।

(খ) দুপুর ০২:০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে


দুপুর ০১:৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ।

দুপুর ০২:০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।

দুপুর ০২:১৫ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।

- ৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
- ৫। ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়ে এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। প্রতিষ্ঠান নিজ নিজ পরীক্ষার্থীর ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বর প্রদান করে নম্বরসমূহ ২৮/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।
- ৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তাঁর পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- ৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক(তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বরের অংশে পৃথকভাবে পাস করতে হবে।
- ৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/রচনামূলক(তত্ত্বীয়), বহুনির্বাচনি) নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
- ১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইনটিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।
- ১১। কোন ব্যক্তি/ পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না। শুধুমাত্র কেন্দ্র সচিব ফিচার ফোন (স্মার্ট ফোন ব্যতীত) ব্যবহার করতে পারবেন।
- ১২। সৃজনশীল/রচনামূলক(তত্ত্বীয়) ও বহুনির্বাচনি পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
- ১৩। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃনিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।





(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ

ফোন: ০৯১-৫৩৩৩৫

E-mail: conbisemym@gmail.com